15 Rs.

INDIA

FIFTEEN RUPEES

| বিক্রয় কোবালা গৃহীতা | বিক্রয় কোবালা দাতা |
| --- | --- |
| শ্রী হরি চরন দাস বিচালী | শ্রী মহেন্দ্র নাথ মুখোপাধ্যায় |
| পিতা ৺ সন্ন্যাশী চরন দাস বিচালী, | পিতা শ্রীযুক্ত রাজেন্দ্র নাথ মুখোপাধ্যায় |
| জাতি মাহিষ্য, পেশা চাকুরী | জাতি ব্রাহ্মন, পেশা বিষয়ভোগী |
| সাং নস্করপুর, থানা বেহালা, সব-রেজেস্টী আলিপুর, জেলা ২৪ পরগনা। | গ্রাম বেহালা পাবতলা, সাং বেহালা থানা বেহালা, সব-রেজেষ্ট্রী আলিপুর, জেলা ২৪-পরগনা। |

৯১২৷৷০ নয় শত বার টাকা আট আনা পনে নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা।

কস্য অত্র সংলগ্ন প্ল্যানে চিহ্নিত মাপসুরত /৪৷৷২ চারি কাঠা আট দটাক দুই স্কোয়ার ফিট মধ্যস্বত্বাধিকারী চিরস্থায়ী নিষ্কর ব্রহ্মত্তর স্বত্বের জমি সায় আওলাতাদি ও ইজমেন্ট স্বত্বাদি ও উক্ত প্লানে চিহ্নিত

৫' ফুট —

161

No. 630 & 631 Date 20.2.1943
Sold Hari Charan Das Biswas
of Narkel...
Rs. 15/- ...
... E. Jalil Co. ...
Alipore ...

No. 630 — B 15/-
No. 631 — B ...
B 16/-

20/2/43 [signature]

Presented for Registration at 2 p.m. on the 24th day of February 1943 at the office of the Joint Sub Registrar of Alipore at Behala by Mohendra nath Mukherjee

Executant

[signature]

Joint Sub Registrar of Alipore at Behala
24/2/43

Execution is admitted by Mohendra nath Mukherjee son of Brajendra nath Mukherjee of Behala Thana Behala District 24 Pargana by caste Brahmin by profession Landlord.

He is personally known to me.

by B... S/ as constituted ... of Hari Charan Das ... & Mohendra son of nath Mukherjee of...... Thana...... District...... by caste...... by profession......

[signature]
24/2/43

Joint Sub Registrar of Alipore at Behala

1 R.

EIGHT ANNAS INDIA ONE RUPEE EIGHT ANNAS INDIA

এক রুপেয়া

28 SEP 20..

Dist. Court, Alipore. FILED 21 JUL 1932

৫' ফুট প্রশস্ত কমন্ প্যাসেজের যাতায়াতের স্বত্ত্ব সহ দরবস্ত হক হকুক ৯১২৸৹ নয় শত বার টাকা আট আনা পণে নিঃস্বত্ত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে। জেলা ২৪ পরগনা, পরগনা বালিয়া, সব-রেজেষ্ট্রী আলিপুর, থানা বেহালার অন্তর্গত মৌজে বেহালা, ডাক চণ্ডীপুর গ্রামে তৌজি নং ৩৪৬, খতিয়ান নং ১৯১১ যুক্ত ৭২৮৮ নং দাগের মোট জমির মধ্যে অত্র সংলগ্ন প্ল্যানে চিহ্নিত মাপ সুরত /৪॥২ চারি কাঠা আট ছটাক দুই স্কোয়ার ফিট সর্ব্বস্বত্ত্বাধিকারী চিরস্থায়ী নিষ্কর ব্রহ্মোত্তর স্বত্বের সম্পত্তি সায় আওলাতাদি ইজমেন্ট স্বত্ত্বাদি ও ৫' ফুট প্রশস্ত কমন্ প্যাসেজের চলাচলের স্বত্ত্ব সমেত যাহা নিম্নের "ক" তফসীলে বিশেষ রূপে বর্ণিত হইল। উক্ত সম্পত্তি সহ অন্যান্য বহুতর সম্পত্তি বেহালা নিবাসী যোগেন্দ্র নাথ রায় চৌধুরী মহাশয়ের থাকে, তাঁহার জীবিত কালে তাঁহার অর্থের প্রয়োজন হওয়ায় উপরোক্ত সম্পত্তি ও অন্যান্য

সম্পত্তি-

সম্পত্তি বেহালা নিবাসী শ্রীযুক্ত রাজেন্দ্র নাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট প্রথম বন্ধকের দায়ে আবদ্ধ রাখিয়া বহু টাকা কর্জ্জ গ্রহণ করেন, পরে তিনি উক্ত ঋণ পরিশোধ না করিয়া, তাঁহার পত্নী শ্রীমতী রাজলক্ষ্মী দেবীর নাম বরাবর গত ইংরাজী ২৩।৪।১৯২৮ তারিখে একটী উইল সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দেন, এবং উক্ত উইলে তাঁহার পত্নী শ্রীমতী রাজলক্ষ্মী দেবীকে একমাত্র *Executrix* নিযুক্ত করিয়া এবং তাঁহার দেনাদি পরিশোধ করিবার ব্যবস্থা করিয়া পরলোক গমন করেন। তদনুসারে উক্ত যোগেন্দ্র নাথ রায় চৌধুরী মহাশয়ের স্ত্রী শ্রীমতী রাজলক্ষ্মী দেবী উক্ত *will* - কৃত সম্পত্তিতে ষোল আনা রকমের মালিক ও দখলিকারিনী হইয়া - অত্রস্থ তৃতীয় সবজজ আদালতে সন ১৯২৯/১৩৮ নং *original* মোকর্দ্দমা আনয়ন করতঃ ইংরাজী ১০।১২।৩০ তারিখে তাঁহার স্বামী কৃত উক্ত *will* *Probate* প্রাপ্ত হইয়া, উক্ত সম্পত্তি ও অন্যান্য বহুতর সম্পত্তি, তাঁহার স্বামী কৃত ঋণ পরিশোধের জন্য গত সন ১৩৪৩/৩১শে শ্রাবন ইংরাজী ১৫।৮।৩৬ তারিখের লিখিত ও ইংরাজী ১৬।১০।৩৬ তারিখে ২০৩৭ নং রেজেষ্ট্রী কৃত এক কেতা কোবালা দ্বারা উপযুক্ত পণে আমাকে বিক্রয় করিয়া উহা হইতে সম্পূর্ণ রূপে নিঃস্বত্ব হন। আমি উক্ত - সম্পত্তি উক্ত শ্রীমতী রাজলক্ষ্মী দেবীর নিকট হইতে আমার নিজ অর্থে খরিদ করিয়া তাহাতে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে নির্বিবাদে ষোল আনা রকমে নিঃব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও দখলীকার আছি। উপরোক্ত শ্রীযুক্ত রাজেন্দ্র নাথ মুখোপাধ্যায়ের বন্ধকের দেনা কতক পরিশোধ - করিয়াছি। তাঁহার বাবদ বিক্রীত সম্পত্তি ও অন্যান্য কতক সম্পত্তির

একেতা

একেতা Mortgage Release সম্পাদন ও রেজেষ্ট্রী করাইয়া লইয়াছি। এক্ষণে আমার টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় উপরোক্ত ও নিম্নের "ক" তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয় করিবার ঘোষণা করিলে, আপনি উহা সর্বোচ্চ বাজার মূল্য ৯১২৸৹ নয় শত বার টাকা আট আনা পণে খরিদ — করিতে স্বীকৃত হওয়ায়, আমি আপনার প্রস্তাবে সম্মত হইয়া ও পণের ৯১২৸৹ টাকা রেজিষ্টার বাবুর সম্মুখে বুঝিয়া পাইয়া, উক্ত নিম্নের "ক" তপশীল বর্ণিত ও অত্র সংলগ্ন প্ল্যানে চিহ্নিত মাপ সুরত /৪৸২ চারি কাঠা আট ছটাক দুই স্কোয়ার ফিট মধ্যস্বত্বাধিকারী চিরস্থায়ী নিষ্কর ব্রহ্মোত্তর স্বত্বের সম্পত্তি-সায় আওলাতাদি ইজমেন্ট স্বত্বাদি — সমেত ও ৫' ফুট প্রশস্ত কমন্ প্যাসেজের কেবলমাত্র চলাচলের স্বত্ব-সহ দরবস্তু হক্ হকুক আপনাকে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব হইয়া, এই সাফ বিক্রয় কোবালা লিখিয়া দিয়া স্বীকার — অঙ্গীকার ও প্রচার করিতেছি যে :—

১। মহাশয় অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার স্বত্বে স্বত্ববান ও দখলে দখলীকার হইয়া, পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও — স্থলাভিষিক্ত গন ক্রমে দান, বিক্রয়, বন্ধকাদি, সর্বপ্রকার হস্তান্তর ও রূপান্তরাদির সম্পূর্ণ ক্ষমতা যুক্তে যদৃচ্ছা ভাবে নিঃব্যূঢ় স্বত্বে ভোগ-দখল করিতে রহুন। তাহাতে আমি বা আমার ওয়ারিশান — স্থলাভিষিক্ত গন কেহ কস্মিন কালে কোন রূপ ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না ও পারিবে না। যদি করি বা কেহ করে

তাহা

তাহা সর্ব্বস্থানে সর্ব্বতোভাবে বাতিল ও নামঞ্জুর হইবেক। উক্ত সম্পত্তিতে আমার যে কিছু স্বত্ব সামিত্ব দখল বা অধিকারাদি ছিল তাহাও সম্পূর্ণরূপে ধ্বংশ বা নষ্ট হইয়া অদ্য হইতে আপনাতে বর্ত্তাইল। আমি উহা হইতে চিরঃতরে নিঃস্বত্ব হইলাম।

২। বিক্রীত নিম্নের "ক" তপশীল বর্ণিত সম্পত্তিতে আমার উত্তম বিক্রয় যোগ্য সর্ব্বস্বত্বাধিকারী চিরস্থায়ী নিষ্কর ব্রহ্মত্তর স্বত্ব আছে এবং উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় আছে। উহাতে আমার কোন কায়েমী স্বত্বের প্রজা বিলি নাই, বা আমি উক্ত সম্পত্তির মূল্যের হানিজনক কোন কার্য্য করি নাই, এবং উহাতে আমার ষোল আনা অংশ হইতেছে। উক্ত সম্পত্তি কাহারও জামিনের দায়ে আবদ্ধ নাই, বা কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবস্থায় নাই বা নীলাম হয় নাই, বা উহা দেবত্তর সম্পত্তি নহে। উক্ত সম্পত্তি বিক্রয় করিবার জন্য কাহারও সহিত কোন রূপ চুক্তিতে আবদ্ধ হই নাই বা বায়না করি নাই। উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দ্দোষ অবস্থায় আমার খাস দখলে আছে এবং তদবস্থায় আপনাকে বিক্রয় করিলাম ও দখল দিলাম। অদ্য হইতে মিউনিসিপ্যালিটীতে আপনার নাম পত্তন করিয়া লইবেন। প্রকাশ থাকে যে হাল সেটেলমেন্ট মাপ জরিপে ভুল ক্রমে যতীন্দ্র নাথ রায় চৌধুরীর নামে *Recorded* হইয়াছে উহা মাহামান্য হাইকোর্টের সন ১৯৩০/২৫৪২ং *Original* আপীলের রায়ে প্রমানিত হইয়াছে।

৩। আরও প্রকাশ থাকে যে আমার টাকার বিশেষ প্রয়োজন হওয়ায়, আপনি আমার কথার উপর সরল বিশ্বাসে আদালত ও রেজেষ্ট্রী অফিসাদি অনুসন্ধান না করিয়া কোবালা সম্পাদন করিয়া লইলেন। যদি ভবিষ্যতে উপরি উক্ত উক্তির কোন উক্তি পরে মিথ্যা বলিয়া প্রকাশ পায় তাহা হইলে আমি দেশীয় আইনের আমলে আসিব এবং আপনার সমুদয় ক্ষতি-খেসারত ওয়াশিলাত সুদভিত্তিক পন ক্রমে পূরন করিতে বাধ্য থাকিলাম।

৪। বর্তমান দলিলের পোষকতায় বা মহাশয়ের স্বত্ব সম্পূর্ণ বা দৃঢ়ীকরনের জন্য মহাশয়ের নাম বরাবর আমার অন্য কোন পোষক দলিল বা সংশোধন দলিল সম্পাদন করিয়া দিতে হয় বা করিয়া দিবার আবশ্যক হয় তাহা, ও যদি অত্র দলিলে কোন ভুল চুক থাকে তাহার সংশোধন দলিল, আমি মহাশয়ের খরচায় বে-ওজরে করিয়া দিব ও দিতে বাধ্য হইব। বিক্রীত সম্পত্তির পোষকে নিম্নের "খ" তপসীলের জায় যত দলিলাদি আমার নিকট আছে, কিন্তু উক্ত দলিলাদি সংক্রান্ত অন্যান্য বহু সম্পত্তি থাকায় মহাশয়কে দলিলাদি দিতে পারিলাম না, মহাশয়ের আবশ্যক মত জানাইলে মহাশয়কে দর্শাইতে, ও মহাশয়ের খরচায় আদালত বা অফিসাদিতে হাজির করিতে বাধ্য রহিলাম। এতদর্থে সুস্থ শরীরে সরল মনে অন্যের বিনানুমতিতে ও বিনানুরোধে অত্র দলিল পড়িয়া দলিলের মর্ম্ম ও সর্ত গুলি ভাল রূপে অবগত হইয়া স্ব-ইচ্ছায় পরের ৯১২॥.

নয় শত-

নয় শত বার টাকা আট আনা নিম্নের "গ" তপসীলের জায় মত
বুঝিয়া পাইয়া অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পাট্টা সম্পাদন
ও রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ সন ১৯৪৩ সালের ২৪শে
ফেব্রুয়ারী বাংলা সন ১৩৪৯ সালের ১২ই ফাল্গুন।

তপসীল "ক" বিক্রীত সম্পত্তির বিবরণ।

জেলা ২৪পরগনা, পরগনা বালিয়া, সব রেজেষ্ট্রী আলিপুর থানা বেহালার অন্তর্গত মৌজে বেহালা, ডাক চণ্ডীপুর গ্রামে, জে: এল: নং ২, রে: সা: নং ৮৩, তৌজি নং ৩৪৬; সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটীর অন্তর্ভুক্ত ১৯১১ নং খতিয়ানে ৭২৮৮ নং দাগের মোট জমির মধ্য হইতে অত্র সহ Plan এ চিহ্নিত মাপ সুরত /৪||২ চারি কাঠা আট ছটাক দুই স্কোয়ার ফিট সর্ব্বস্বত্ত্বাধিকারী চিরস্থায়ী নিষ্কর ব্রহ্মোত্তর স্বত্তের জমি সায় আওলাওদি ইজমেন্ট স্বত্বাদি ও উপরোক্ত দাগের পশ্চিম দীকে ৫' ফুট প্রশস্ত কমন প্যাসেজের চলা চলের স্বত্ব সমেত দরবস্তু হকহুকুক

ঈহার চৌহদ্দি :— 5

উত্তর — উপরোক্ত দাগের মধ্য হইতে হাল খরিদা শ্রীমতী সুভদ্রা বালা দাসীর জমী।

পূর্ব্ব — ড্রেন তৎপরে রায়েদের সিধের বাগান।

দক্ষিণে — উপরোক্ত দাগের আমার অবশিষ্ট খাস জমি।

পশ্চিমে — অত্র দাগের মধ্যস্থিত ৫' ফুট কমন প্যাসেজ ও তৎপরে কে, এম, রেলওয়ে Fancing.

উহার

উঁহার মালিকী খতিয়ান নং ৬৬-৬৭ নং এবং উক্ত জমি সাং ও পোষ্ট বাওয়ালী নিবাসী শ্রীযুক্ত যতীন্দ্র নাথ মণ্ডল ও প্রভাস চন্দ্র মণ্ডল দীং জমিদারির অন্তর্গত নিষ্কর ব্রহ্মত্র জমি হইতেছে।

তফসীল "খ" দলিলের জায়

১। যোগেন্দ্র নাথ রায় চৌধুরীর লিখিয়া দেওয়া শ্রীমতী রাজলক্ষ্মী দেবীর নাম বরাবর ইং ১৯১০/২৩ শে এপ্রিল তারিখের রেজেষ্ট্রী কৃত (Book III Vol no 1, Pages 153 to 156, Being no 14.) উইল —— ১ কেতা

২। রাজেন্দ্র নাথ মুখোপাধ্যায়ের লিখিয়া দেওয়া শ্রী মহেন্দ্র নাথ মুখোপাধ্যায় নাম বরাবর ইং ২৬।৬।৩৭ তারিখের রেজেষ্ট্রী কৃত (Book no I, Vol no 17, Pages 209-211, Being no 1035.) Mortgage রিলিজ —— ১ কেতা

৩। শ্রীমতী রাজলক্ষ্মী দেবীর লিখিয়া দেওয়া শ্রী মহেন্দ্র নাথ মুখোপাধ্যায় নাম বরাবর ইং ১৬।১০।৩৬ তারিখের রেজেষ্ট্রী কৃত (Being no 2037. বিক্রয় কোবালা —— ১ কেতা

৪/ আলিপুর তৃতীয় সবজজ আদালতের সন ১৯২৯/১৩৮ নং original মোকদ্দমার ৩০।৮।৩০ তারিখের রায়ের নকল —— ১ কেতা

৫। ঐ ঐ মোকদ্দমায় (দঃ দস্তখতকারী শ্রীমতী রাজলক্ষ্মী দেবী বনাম যতীন্দ্র নাথ রায় চৌধুরী) ইং ১০।১২।৩০ তারিখের উইলের প্রবেট ১ কেতা

৬। মহামান্য হাই কোর্টের ১৯৩০/২৪৪ নং original আপীলের ৫।১২।৩২ তারিখের রায়ের নকল —— ১ কেতা

৭। আমা বেহালা মৌজা বেহালা জে: এল: নং ২, খতিয়ান নং ৭১১

সেটেলমেন্ট খতিয়ান —————————— ১ কেতা

৮। ঐ ঐ সেটেলমেন্ট ম্যাপ —————————— ১ কেতা

তপশীল "গ" টাকার জায়

১০০৲ টাকা হিসাবে মোট ৯ কেতা —————— ৯০০৲

১৲ টাকা হিসাবে মোট ১২ কেতা —————— ১২৲

খুচরা —————————————— ॥০

৯১২॥০

মঃ নয় শত বার টাকা আট আনা মাত্র

লেখক ও ইসাদী —

শ্রীভিনকড়ি মণ্ডল

সাং বড়িশা

ইসাদী —

শ্রীপঞ্চুচরন মণ্ডল

সাং বেহালা

Rajendra Nath Mukerji

Behala,

Rashamay Mal

Behala

Ex. 298/10
Exbt 1
17.7.14

Civil Judge (Jr. Divn.)
5th Court, Alipore
10/9/14

24/2/13

814

Exbt-1
CS
5.2.13

21.7.53